



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী  
মৎস্য ভবন, রমনা, ঢাকা  
[www.fisheries.gov.bd](http://www.fisheries.gov.bd)

নং: ৩৩.০২.০০০০.১২২.০১.১৩৮.৯৭-৩৭

তারিখ: ০৪.০৮.২০২০ খ্রি।

বিষয়ঃ রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য, মৎস্য, চিংড়ির পিএল ও জুভেনাইলসহ অন্যান্য উৎপাদিত পণ্যের একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার ও বাঁওড়ে মৎস্য বীজ ও মৎস্য উৎপাদন, বিপণন এবং ব্যবস্থাপনা নীতিমালা ২০১৯' ইতোমধ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে এবং নীতিমালার কপি মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী মৎস্য অধিদপ্তরসহ সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার, হ্যাচারি ও নার্সারিসমূহের উৎপাদন কর্মপরিকল্পনা অর্থাৎ প্রণয়নের নিমিত্ত নীতিমালা উপানুচ্ছেদ ৭(ঙ) অনুযায়ী মাছের রেণু, পোনা, প্রজননক্ষম মৎস্য, মৎস্য, চিংড়ির পিএল ও জুভেনাইলসহ অন্যান্য উৎপাদিত পণ্যের একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য নির্ধারণ করা আশু প্রয়োজন। আগামী ১৬ আগস্ট ২০২০খ্রি. তারিখের মধ্যে সংযুক্ত ছকে বর্ণিত একক উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য বিভাগীয় কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক কেন্দ্রীয় কারিগরি কমিটি বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত ছকে কোন নতুন উৎপাদনযোগ্য পণ্য থাকলে পণ্যের নামসহ একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্যও অন্তর্ভুক্ত করতে হবে।

২। বিভাগীয় পর্যায়ে হতে উৎপাদিত পণ্যের একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য পাওয়া গেলে কেন্দ্রীয় কারিগরি কমিটি সকল সরকারি খামার, হ্যাচারি ও নার্সারির একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য অনুমোদন করবে এবং উক্ত একক উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য মোতাবেক উৎপাদন কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে।

বিষয়টি অতিব জরুরি।

(মো: সিরাজুর রহমান)  
উপপরিচালক (মৎস্যচাষ)  
ফোনঃ ০২-৯৫৬১৫৯২

ই-মেইলঃ [ddaqua@fisheries.gov.bd](mailto:ddaqua@fisheries.gov.bd)

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর (সকল বিভাগ)

নং: ৩৩.০২.০০০০.১২২.০১.১৩৮.৯৭-৩৭ /১(২১০)

তারিখ: ০৪.০৮.২০২০ খ্রি।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

১. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)
২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
৩. উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/হ্যাচারি কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)
৪. অফিস নথি

(মুহা: নওশের আলী)  
সহকারী পরিচালক (মৎস্যচাষ)  
ফোন: ০২-৯৫৬৭২১৬

ই-মেইলঃ [adaqua@fisheries.gov.bd](mailto:adaqua@fisheries.gov.bd)